



Rumiguard Powder (Vet)

Calcium Propionate, Methionine, Gentian, Cobalt Gluconate, Vitamin B₆, Silicon Dioxide

ব্লট, এসিডোসিস
ও বদহজম ব্যাহত করে,
রুমেন ও রেটিকুলামের
কার্যকারিতা বৃদ্ধিতে
অন্য সমাধান...

রুমিগার্ড পাউডার (ভেট) এর উপাদান গুলোর কিছু গুরুত্বপূর্ণ কার্যকারিতা

ক্যালসিয়াম প্রোপায়োনেট: ক্যালসিয়াম প্রোপায়োনেট রুমেন ফার্মেন্টেশন, রুমেন মাইক্রোবস ও এনজাইম সমূহের কার্যকারিতা বৃদ্ধির মাধ্যমে খাদ্য হজমে সহায়তা করে।

জেনসিয়ান: মুখের লালা, পাচক রস নিঃসরণ ও ক্ষুধা বৃদ্ধি করে। জেনসিয়ান পেট ফাঁপা নিরাময় করে। এছাড়া এটি প্রদাহনাশক, এলার্জি রোধক এবং জীবাণুনাশক হিসেবেও কাজ করে।

মিথিওনিন: মিথিওনিন রুমেনের উপকারী প্রোটোজোয়ার সংখ্যা ও ভোলাটাইল ফ্যাটি এসিডের (VFA) পরিমাণ বৃদ্ধির মাধ্যমে ফার্মেন্টেশন প্রক্রিয়া ত্বরান্বিত করে এবং যকৃতকে বিষাক্ত পদার্থের হাত থেকে রক্ষা করে। এছাড়া মিথিওনিন দুধে ফ্যাটের পরিমাণ বৃদ্ধি করে ও ইউরিন এসিডিফায়ার হিসেবে কাজ করে।

কোবাল্ট গ্লুকোনেট: রোমহুক প্রাণীর রুমেনের জীবাণু, কোবাল্টের সাহায্যে ভিটামিন বি₁₂ সংশ্লেষণ করে থাকে। কোবাল্টের অভাবে ক্ষুধা কমে যায়, লিভারের সমস্যা হয়, রক্তস্ফলতা দেখা দেয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়।

পাইরিডক্সিন: পাইরিডক্সিন প্রোটিন, চর্বি এবং কার্বোহাইড্রেট বিপাকে সহায়তা করে। এছাড়া যকৃতের সুরক্ষা এবং স্নায়বিক কার্যাবলি ঠিক রাখতে সহায়তা করে।

সিলিকন ডাইঅক্সাইড: এন্টি কেব্রিং ও মাইকোটক্সিন বাইন্ডার।



রুমিগার্ড পাউডার (ভেট)

ক্যালসিয়াম প্রোপায়োনেট, মিথিওনিন, জেনসিয়ান, কোবাল্ট গ্লুকোনেট, ভিটামিন বি_৬, সিলিকন ডাইঅক্সাইড

পেট ফাঁপা, কিটোসিস, প্রেগন্যান্সি টক্সিমিয়া, ইনটক্সিকেশন ও খাবারের পরিবর্তনে সৃষ্ট হজমের সমস্যা প্রতিরোধ ও চিকিৎসায় রুমিগার্ড পাউডার (ভেট)



ব্যবহারের জন্য প্রয়োজনীয় তথ্যাবলি

উপাদানঃ

প্রতি ১০০ গ্রাম পাউডারে আছে-ক্যালসিয়াম প্রোপায়োনেট ইউএসপি ৫০.৪০ গ্রাম, মিথিওনিন বিপি ৪.০০ গ্রাম, জেনসিয়ান বিপি ০.০০৮ গ্রাম, কোবাল্ট গ্লুকোনেট বিপি ০.০৩২ গ্রাম, ভিটামিন বি_৬ বিপি ০.০৩২ গ্রাম, সিলিকন ডাইঅক্সাইড বিপি ১.২৮ গ্রাম, ডেক্সট্রোজ এনহাইড্রাস বিপি ৪৪.২৪৮ গ্রাম।

নির্দেশনাঃ

ব্লট, বদহজম, পেট ফাঁপা, রুমেন এবং রেটিকুলামের কার্যকারিতা কমে যাওয়া, খাবারের পরিবর্তনে সৃষ্ট হজমের সমস্যা, খাদ্য দ্রব্যের মধ্যে থাকা বিভিন্ন উপাদান থেকে অল্পে বিষক্রিয়া জনিত উপসর্গ উপশমে এবং বাহিরের পদার্থ বা হাইপোগ্লাইসেমিক অবস্থার ফলে সৃষ্ট অসুস্থতার চিকিৎসায় ব্যবহার্য।

প্রত্যাহার কালঃ

রুমিগার্ড পাউডার (ভেট) ব্যবহারের পরে উক্ত প্রাণীর মাংস ও দুধ এর ক্ষেত্রে কোন প্রত্যাহারকাল নেই।

মাত্রা ও প্রয়োগবিধিঃ

চিকিৎসায়ঃ

গরু, মহিষ- ১২৫ গ্রাম পাউডার প্রতিদিন দুইবার।

বাছুর- ৬০ গ্রাম পাউডার প্রতিদিন দুইবার।

ছাগল, ভেড়া- ৩০ গ্রাম পাউডার প্রতিদিন একবার।

প্রতিরোধেঃ

৩০-৬০ গ্রাম পাউডার দিনে একবার, ২-৩ দিন খাওয়াতে হবে।

অথবা, রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালীন ব্যবহারঃ

গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালীন সময়ে এমব্রায়োটক্সিসিটি, ফিটোটক্সিসিটি, টেরাটোজেনেসিটির মত কোন প্রমাণ পাওয়া যায়নি।

সরবরাহঃ

১২৫ গ্রাম স্যাশে সরবরাহ করা হয়।



Manufactured by

SHINIL Pharma Ltd.

BK Bari, Mirzapur, Gazipur, Bangladesh